

প্রথম আলো

তারিখ ... 10-SEP-2013 ...

সং: - ১৪ - ৩৩৩ - ২ - ...

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় ২৪ সেপ্টেম্বর পর্যন্ত আন্দোলন স্থগিত

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় প্রতিনিধি •

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আনোয়ার হোসেনের পদত্যাগের দাবিতে চলমান আন্দোলন ২৪ সেপ্টেম্বর পর্যন্ত স্থগিত করা হয়েছে।

গতকাল সোমবার সাধারণ শিক্ষক ফোরামের সাধারণ সভা শেষে ফোরামের সদস্যসচিব অধ্যাপক মহাম্মদ কামরুল আহসান বলেন, 'রাষ্ট্রপতি দেশের বাইরে থাকায় তদন্ত কমিটি গঠনে দেরি হয়েছে। তাই শিক্ষকসচিবের অনুরোধে আমরা আন্দোলন স্থগিত করেছি।

উল্লেখ্য, উপাচার্যের পদত্যাগের দাবিতে প্রথমে শিক্ষক সমিতি এবং পরে সাধারণ শিক্ষক ফোরামের ব্যানারে চার মাসেরও বেশি সময় ধরে আন্দোলন চলেছে। গত ২৪ আগস্ট শিক্ষামন্ত্রী নূরুল ইসলাম নাহিদ ১৭ জন শিক্ষকের একটি প্রতিনিধিদলের সঙ্গে আলোচনা শেষে তদন্ত কমিটি গঠনের আশ্বাস দেন। এরপর ১৫ দিনের জন্য আন্দোলন স্থগিত করে শিক্ষক ফোরাম। গত সোমবার আন্দোলন স্থগিতের সেই ১৫ দিন শেষ হয়।

প্রতিবাদ সভা: গতকাল দুপুর ১২টায় বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনের সামনে এক প্রতিবাদ সমাবেশের আয়োজন করে শিক্ষক ফোরাম। সহ-উপাচার্য (শিক্ষা) এম এ মতিনকে একই সঙ্গে বিজনেস অনুষ্ঠানের ডিন নিয়োগ, উপাচার্য আনোয়ার হোসেন ও সহ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক আফসার আহমদের বিরুদ্ধে প্রীতিসভা হলের প্রভোস্ট অধ্যাপক শ্যামল কুমার রায়ের সঙ্গে অসম্মাচরণ এবং অধ্যাপক আব্দুল বাজের বিরুদ্ধে একই মতন জীবনিকান অনুষ্ঠানের ডিন ও কোর্সওয়ার্ডের দায়িত্বে থেকে বিশ্ববিদ্যালয়ের অধ্যাদেশ লঙ্ঘন করার অভিযোগে গতকাল দুপুর ১২টায় বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনের সামনে এই প্রতিবাদ সমাবেশের আয়োজন করা হয়।

সমাবেশে বক্তব্য দেন সাধারণ শিক্ষক ফোরামের আহ্বায়ক অধ্যাপক মুহম্মদ হানিফ আদী, কলা ও মানবিকী অনুষ্ঠানের ডিন অধ্যাপক সৈয়দ মোহাম্মদ কামরুল আহসান প্রমুখ। অধ্যাপক আফসার আহমদের সঙ্গে যোগাযোগ করা হলে তিনি বলেন, অধ্যাপক শ্যামল কুমার রায়ের সঙ্গে তিনি কোনো অসম্মাচরণ করেননি। উপাচার্যের সঙ্গে যোগাযোগের জন্য ফোন করা হলে তিনি ফোন করেননি।

বিশ্ববিদ্যালয় প্রশাসন জানিয়েছে, বিশ্ববিদ্যালয় অ্যাটর্নি ৮ এর ২ ধারা অনুযায়ী সহ-উপাচার্য (শিক্ষা) এম এ মতিনকে বিজনেস অনুষ্ঠানের ডিন নিয়োগ দেওয়া হয়েছে। এতে বিশ্ববিদ্যালয়ের অধ্যাদেশ লঙ্ঘিত হয়নি।